দৈনিক বাংলা

তারিখ ...২৯।৮।৯২...
পৃষ্ঠা ...১... কলাম ...৮...

52

শিক্ষা পরিবেশ পরিষদ

# যথাশীঘ্র ভার্সিটি খোলার ব্যাপারে ঐকমত্য

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা পরিবেশ পরিষদের এক সভায় বিশ্ববিদ্যালয় যথাশীঘ্র সম্ভব খোলার জন্য ঐকমত্য প্রতিষ্ঠিত হয়। তবে খোলার তারিখ নির্ধারণ করার সময় সিন্ডিকেট উপ-নির্বাচনের তারিখ বিবেচনায় রাখবেন

(শেষ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## খোলার ব্যাপারে ঐকমত্য

(প্রথম পৃষ্ঠার পর)

এবং ক্যাম্পাসের নিরাপত্তা বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ পূর্বাহ্নে গ্রহণ করবেন বলে সভায় আশা পোষণ করা হয়।

বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক এম মুনিরুজ্জামান মিয়ার সভাপতিত্বে শিক্ষা পরিবেশ পরিষদের এই সভা অনুষ্ঠিত হয়।

বিশ্ববিদ্যালয় থেকে সন্ত্রাস নির্মূলের পন্থা এবং বিশ্ববিদ্যালয় শীঘ্র খোলা সম্পর্কে আলোচনায় অংশগ্রহণকারী ছাত্র-শিক্ষক সকলেই এ বিষয়ে একমত পোষণ করেন যে, শিক্ষাঙ্গনে সন্ত্রাসের ধরন ও চরিত্র রাজনৈতিক। একই সাথে এ মতও প্রকাশ করা হয় যে, যে কোন মূল্যে শিক্ষাঙ্গনকে সন্ত্রাসমুক্ত রাখতে হবে।

সভায় কতিপয় প্রস্তাব গৃহীত হয়। এসব প্রস্তাবে বলা হয়েছে যে ক্যাম্পাসে সন্ত্রাস দমনে যদিও মূল দায়িত্ব সরকার এবং আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর তবু ছাত্র-শিক্ষক, রাজনৈতিক দল এবং সমাজের সকল স্তরের জনগণের সহযোগিতা প্রয়োজন।

সভা আশা প্রকাশ করেছে যে কোন মহল আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে দলীয় স্বার্থে ব্যবহার করবে না। রাজনৈতিক অঙ্গন থেকেও সকলকে প্রতিশ্রুতি দিতে হবে যে সন্ত্রাসী বা অস্ত্রধারী কারও ব্যাপারে কোন ব্যবস্থা নিলে কোন দল তার পক্ষ সমর্থন করবে না।

ছাত্র সংগঠনগুলি এবং বিশ্ববিদ্যালয় প্রশাসনও এ নিয়ে তাদের স্ব স্ব দায়িত্ব পালন করবেন বলে সভা আশা করে। ছাত্র সংগঠনগুলি নিজেদের মধ্যে আলাপ-আলোচনার মাধ্যমে কতকগুলি আচরণবিধি প্রণয়ন করবে যা পরবর্তী কোন এক সভায় গৃহীত হবার পর সকলে সেগুলি মেনে চলবে।

হল পর্যায়ে ছাত্র-শিক্ষক এবং প্রশাসনিক কর্মকর্তাগণ সম্মিলিতভাবে সন্ত্রাস দমনে অভ্যন্তরীণ ব্যবস্থা গ্রহণ করবেন।

গত ৩০শে জুলাই ভাইস চ্যান্সেলরের সচিবের ও তার অফিসের ভাঙচুরের ঘটনা এবং দু'টি ছাত্রী হলে সন্ত্রাসীদের প্রবেশসহ সকল প্রকার সন্ত্রাসী কার্যকলাপের সভায় নিন্দা করা হয়।

ছাত্র রাজনীতির গৌরবোজ্জ্বল ধারাবাহিকতার সাথে সংগতি রেখে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রবৃন্দ একটি সন্ত্রাস-বিরোধী ঐক্য গড়ে তুলবেন বলে সভা আশা প্রকাশ করা হয়।

শিক্ষাঙ্গনে সন্ত্রাস নিরসনের জন্য যে সংসদীয় কমিটি গঠিত হয়েছে তারা তাদের কাজ শীঘ্রই সমাধা করে এ বিষয়ে সুস্পষ্ট সিদ্ধান্ত নেবেন বলে সভা আশা করছে। খবর বিজ্ঞপ্তির।